



বাংলাদেশ গ্যাস ফিন্যান্স কোম্পানী লিমিটেড
(পেট্রোবাংলার একটি কোম্পানী)
মূলধনী বাজেট শাখা
এমআইএস এন্ড বাজেট বিভাগ

স্মারক নম্বর: ২৮.১০.১২১৩.০০০.২২৮.১৯.০০১৯.২০.৬

তারিখ: ১ বৈশাখ ১৪৩৩ বঙ্গাব্দ
১৪ এপ্রিল ২০২৬ খ্রিস্টাব্দ

বিষয়: ২০২৫-২৬ অর্থবছরে সংশোধিত বাজেটের কতিপয় ব্যয় স্থগিত/হ্রাসকরণ প্রসঙ্গে।

সূত্র: ০১। পেট্রোবাংলার স্মারক সূত্র নং- ২৮.০২.০০০০.০০০.০১১.৩৭.০০৬২.২৬.১১৭ তারিখঃ ০৮-০৪- ২০২৬ খ্রি.

০২। অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগের স্মারক সূত্র নং-০৭.১০১.০২০.০০.০০.০০৯. ২০২২-২৫৬ তারিখঃ ০৫-০৪-২০২৬খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মধ্যপ্রাচ্যের চলমান উত্তেজনা ও যুদ্ধের ফলে উদ্ভূত বৈশ্বিক পরিস্থিতি বিবেচনায় অর্থ মন্ত্রণালয়ের পরিপত্র ও পেট্রোবাংলার পত্র অনুসারে সকল সরকারি, স্বায়ত্তশাসিত, রাষ্ট্রায়ত্ত, সংবিধিবদ্ধ, পাবলিক সেক্টর কর্পোরেশন এবং রাষ্ট্রীয় মালিকানাধীন কোম্পানি ও আর্থিক প্রতিষ্ঠানসমূহের ২০২৫-২৬ অর্থবছরের অবশিষ্ট সময়ে সংশোধিত বাজেটের আওতায় কতিপয় ব্যয় স্থগিত/হ্রাসকরণের সিদ্ধান্ত গ্রহণ করেছে (সূত্রস্থ পত্রসহ অর্থ মন্ত্রণালয়ের পরিপত্রের কপি সংযুক্ত)।

উক্ত পরিপত্রের নির্দেশনা মোতাবেক হ্রাসকৃত ও স্থগিত খাত সমূহের বিবরণ নিম্নরূপঃ

০১। পরিপত্র মোতাবেক ব্যয় হ্রাসকৃত খাতসমূহঃ

সংশোধিত বাজেটে নিম্নোক্ত খাতসমূহে সূত্রস্থ পরিপত্র জারির তারিখ হতে অবশিষ্ট অব্যয়িত অর্থের ব্যয়যোগ্য শতকরা হার নিম্নরূপঃ

ক্র.নং	পরিপত্র অনুযায়ী খাতের নাম ও কোড	হিসাব খাত	মন্ত্রণালয়ের নির্দেশনা
০১	আপ্যায়ন ব্যয় (৩২১১১০৪)	Entertainment Expense	অবশিষ্ট অর্থের ৫০%
০২	অভ্যন্তরীণ প্রশিক্ষণ (৩২৩১৩০১)	Local Training	অবশিষ্ট অর্থের ৫০%
০৩	বিদ্যুৎ (৩২১১১১৩)	Electricity Business	অবশিষ্ট অর্থের ৭০%
০৪	পেট্রোল, অয়েল ও লুব (৩২৪৩১০১)	POL	অবশিষ্ট অর্থের ৭০%
০৫	গ্যাস ও জ্বালানি (৩২৪৩১০২)	Gas Bill	অবশিষ্ট অর্থের ৭০%
০৬	ভ্রমণ ব্যয় (৩২৪৪১০১)	Travelling	অবশিষ্ট অর্থের ৭০%
০৭	অন্যান্য ভবন স্থাপনা (৪১১১৩১৭)	Otrher Construction	অবশিষ্ট অর্থের ৫০%
০৮	অভ্যন্তরীণ শোভাবর্ধন (৩২৫৮১৪১), (৪১১১৩২৫)	Otrher Expense(Gardening etc.)	অবশিষ্ট অর্থের ৫০%

০২। বাজেটে সম্পূর্ণরূপে স্থগিত খাতসমূহঃ

২০২৫-২৬ অর্থবছরের সংশোধিত বাজেটের বিপরীতে নিম্নোক্ত খাতসমূহের ব্যয় সম্পূর্ণভাবে স্থগিত থাকবেঃ

ক. গাড়ি/যানবাহন ক্রয়

খ. কম্পিউটার ও আনুষঙ্গিক খাতে ব্যয়

গ. বৈদেশিক প্রশিক্ষণ/সেমিনার/সিম্পোজিয়াম/ওয়ার্কশপে অংশগ্রহণ

কোম্পানির পরিচালন ও মূলধনি বাজেটের আওতায় যে সকল মালামাল ক্রয়ের ক্ষেত্রে ইতোমধ্যে বাজেট সম্মতি প্রদান করা হয়েছে কিন্তু টেন্ডার প্রক্রিয়া শুরু হয়নি, সে সকল ক্ষেত্রে সংযুক্ত পরিপত্রের বাধ্যবাধকতা অনুসরণপূর্বক ক্রয় প্রক্রিয়া পুনরায় পর্যালোচনার জন্য অনুরোধ করা হলো।

এমতাবস্থায়, অর্থ মন্ত্রণালয়ের সংযুক্ত পরিপত্রের নির্দেশনাসমূহ যথাযথভাবে পরিপালন করে প্রয়োজনীয় বিল/ভাউচার অনুমোদন ও আর্থিক কার্যক্রম পরিচালনা করার জন্য সংশ্লিষ্ট সকলকে বিশেষভাবে অনুরোধ করা হলো।

সংযুক্তিঃ

(১) সূত্রোক্ত পত্রসহ প্রয়োজনীয় পরিপত্রের কপি সংযুক্ত



১৪-০৪-২০২৬

এস.এম. আলী আহসান হাবীব
মহাব্যবস্থাপক (অর্থ ও হিসাব) (চলতি দায়িত্ব)

সকল ডিভিশনাল প্রধান/বিভাগীয় প্রধান/প্রকল্প প্রধান/ফিল্ড ও স্থাপনার ইনচার্জ এবং ব্যবস্থাপক(সমন্বয়), ব্যবস্থাপনা পরিচালক ের দপ্তর।

স্মারক নম্বর: ২৮.১০.১২১৩.০০০.২২৮.১৯.০০১৯.২০.৬/১ (১)

তারিখ: ১ বৈশাখ ১৪৩৩ বঙ্গাব্দ
১৪ এপ্রিল ২০২৬ খ্রিস্টাব্দ

অনুলিপি: (সদয় অবগতির জন্য)

ব্যবস্থাপনা পরিচালক, ব্যবস্থাপনা পরিচালকের দপ্তর, বাংলাদেশ গ্যাস ফিল্ডস্ কোম্পানী লিমিটেড।



১৪-০৪-২০২৬

মোঃ গোলাম কিবরিয়া
উপ-মহাব্যবস্থাপক (এমআইএস এন্ড বাজেট)